

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়
হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
কক্সবাজার জেলা কার্যালয়।



http://tbcme.coxsazar.gov.bd

স্মারক নং-১৬.০৫.১৫০০.১০১.১১.০১১.১৯/১৭০৭

তারিখ : ১৪/১২/২০২০ খ্রিঃ।

শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক বাস্তবায়িত 'মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়' শীর্ষক প্রকল্পের প্রাক-প্রাথমিক শিক্ষাকেন্দ্রের জন্য চুক্তিভিত্তিক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (প্রকল্পের মেয়াদ অনুযায়ী) নিম্নলিখিত শর্ত ও যোগ্যতা মোতাবেক আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্র.নং	উপজেলা	শিক্ষাকেন্দ্রের নাম	শিক্ষা স্তর	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	মাসিক সম্মানির পরিমাণ
১	মহেশখালী	বড়ছড়া সার্বজনীন শ্রী শ্রী কালী মন্দির, হোয়ানক।	গীতা শিক্ষা	কেন্দ্র শিক্ষক	০১ (একটি)	নূনতম এস.এস.সি	=৪৫০০/-

শর্তাবলীঃ

- ১) প্রার্থীর জীবন বৃত্তান্ত ও মোবাইল নম্বর সহ সহকারী প্রকল্প পরিচালক, 'মন্দির ভিত্তিক শিশু ও গণ শিক্ষা কার্যক্রম -৫ম পর্যায়' কক্সবাজার জেলা কার্যালয় বরাবর স্বহস্তে লিখিত আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে দুই কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত ফটোকপি ও পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, ভোটার আইডি কার্ড/জন্ম নিবন্ধন কার্ড এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত পূর্বক আগামী ২৮/১২/২০২০ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সহকারী প্রকল্প পরিচালক, 'মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম -৫ম পর্যায়, শীর্ষক প্রকল্প, ৪২৫# আছাদ কমপ্লেক্স (৩য় তলা) প্রধান সড়ক, কক্সবাজার জেলা কার্যালয়- এ সরাসরি/ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে জমা দিতে হবে।
- ২) প্রার্থীর বয়স ২১ হতে ৪৫ বছরের মধ্যে হতে হবে।
- ৩) প্রার্থীকে অবশ্যই সনাতন ধর্মের অনুসারী হতে হবে।
- ৪) প্রতিদিন শিক্ষাকেন্দ্রে ২.৩০ ঘন্টা পাঠদান করতে হবে।
- ৫) প্রার্থীকে যতদূর সম্ভব মন্দির/সংশ্লিষ্ট শিক্ষাকেন্দ্রের এলাকার অধিবাসী হতে হবে।
- ৬) প্রার্থীকে শুদ্ধভাবে গীতা পড়তে পারা বলতে পারা ও সংস্কৃত ভাষার জ্ঞান থাকতে হবে।
- ৭) যে মন্দিরে শিক্ষাকেন্দ্র অবস্থিত সে মন্দিরের পুরোহিত বা সেবাইত (শিক্ষাগত যোগ্যতা থাকলে) কে অগ্রাধিকার দেয়া হবে।
- ৮) প্রকল্পের মেয়াদ ৩০ জুন, ২০২১ খ্রিঃ পর্যন্ত।
- ৯) লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময় আবেদনপত্রে উল্লিখিত মোবাইল নম্বরে ও সংশ্লিষ্ট মন্দির কমিটির মাধ্যমে জানানো হবে।
- ১০) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১১) কর্তৃপক্ষ কোনো রূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো সময়, যে কোনো কেন্দ্রের বা সমগ্র নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ১২) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদসহ অন্যান্য সনদের মূল কপি উপস্থাপন করতে হবে।

(বিশ্বজীৎ ব্যানার্জী)

সহকারী প্রকল্প পরিচালক

মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম- ৫ম পর্যায়
হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
কক্সবাজার জেলা কার্যালয়।

ফোনঃ ০৩৪১-৫২৩৯৩

E-mail: adcoxazzer@gmail.com